

স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ বিত্র

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিত্র নামাযের রাকআত সংখ্যা

বিত্র নামায একটানা এক সালামে ৯, ৭, ৫, ৩ রাকআত পড়া যায়।

৯ রাকআত বিতরের নিয়ম হল, ৮ রাকআত একটানা পড়ে তাশাহ্হুদে বসতে হবে। তাতে আত্-তাহিয়্যাত ও দরুদ-দুআ পড়ে সালাম না ফিরে উঠে গিয়ে আরো এক রাকআত পড়ে সালাম ফিরতে হবে। (মুসলিম, মিশকাত ১২৫৭নং)

৭ রাকআত বিতরের নিয়ম হল, ৬ রাকআত একটানা পড়ে তাশাহ্হুদে বসতে হবে। তাতে আত্-তাহিয়্যাত ও দরুদ-দুআ পড়ে সালাম না ফিরে উঠে গিয়ে আরো এক রাকআত পড়ে সালাম ফিরতে হবে। (সুনানু আরবাআহ (আবূ দাউদ, তিরমিয়ী, নাসাঈ ও ইবনে মাজাহ্), আবূদাউদ, সুনান ১৩৪২, নাসাঈ, সুনান ১৭১৯নং)

কোন কোন বর্ণনা মতে ষষ্ঠ রাকআতে না বসে একটানা ৭ রাকআত পড়ে সর্বশেষে তাশাহহুদ পড়ে সালাম ফিরতে হবে। (নাসাঈ, সুনান ১৭১৮নং)

৫ রাকআত বিতরের নিয়ম হল, ৫ রাকআত একটানা পড়ে তাশাহ্হুদে বসতে হবে। তাতে আত্-তাহিয়্যাত ও দরুদ-দুআ পড়ে সালাম ফিরতে হবে। (বুখারী, মুসলিম, নাসাঈ, সুনান ১৭১৭, মিশকাত ১২৫৬নং)

- ৩ রাকআত বিতরের নিয়ম হল দুই প্রকার;
- (ক) ২ রাকআত পড়ে সালাম ফিরে দিতে হবে। অতঃপর উঠে পুনরায় নতুন করে আরো এক রাকআত পড়ে সালাম ফিরতে হবে। (ইবনে আবী শাইবা, ইর: ২/১৫০) ইবনে উমারও এইভাবে বিত্র পড়তেন। (বুখারী)
- (খ) ৩ রাকআত একটানা পড়ে তাশাহ্হুদে বসতে হবে। তাতে আত্-তাহিয়্যাত ও দরুদ-দুআ পড়ে সালাম ফিরতে হবে। (হাকেম, মুস্তাদরাক ১/৩০৪, বায়হাকী ৩/২৮, ৩/৩১) এ ক্ষেত্রে মাগরেবের নামাযের মত মাঝে (২ রাকআত পড়ে) আত্-তাহিয়্যাত পড়া যাবে না। যেহেতু আল্লাহর রসূল (ﷺ) বিতরকে মাগরেবের মত পড়তে নিষেধ করেছেন। (ইবনে হিব্বান, সহীহ ২৪২০,হাকেম, মুস্তাদরাক ১/৩০৪, বায়হাকী ৩/৩১, দারাক্কুত্বনী, সুনান ১৬৩৪নং)

এতদ্যতীত ৩ রাকআত বিত্র মাগরেবের মত করে পড়া, (দারাকুত্বনী, সুনান ১৬৩৭নং) নতুন করে তাহ্রীমার তকবীর দেওয়ার মত (উল্টা) তকবীর দিয়ে পুনরায় হাত বেঁধে কুনূত পড়া ইত্যাদি কিছু সলফ কর্তৃক বর্ণনা করা হলেও তা সহীহ নয়। (ইর: ৪২৭নং, তুহ্ফাতুল আহওয়াযী ১/৪৬৪) অতএব তা বিদআত ও পরিত্যাজ্য।

১ রাকআত বিত্র :

বিত্র এক রাকআতও পড়া যায়। খোদ মহানবী (ﷺ) এক রাকআত বিত্র পড়তেন। তিনি বলেন, "রাতের নামায দু রাকআত দু রাকআত। অতঃপর তোমাদের কেউ যখন ফজর হয়ে যাওয়ার আশঙ্কা করে তখন সে যেন



এক রাকআত বিত্র পড়ে নেয়।" (বুখারী, মুসলিম, মিশকাত ১২৫৪নং)

তিনি আরো বলেন, "বিত্র হল শেষ রাতে এক রাকআত।" (মুসলিম, মিশকাত ১২৫৫নং)

তিনি বলেন, "বিত্র হল প্রত্যেক মুসলিমের জন্য হক বা সত্য। সুতরাং যে ৫ রাকআত বিত্র পড়তে পছন্দ করে সে তাই পড়ুক, যে ৩ রাকআত পড়তে পছন্দ করে সে তাই পড়ুক।" (আবূদাউদ, সুনান ১৪২২, নাসাঈ, সুনান, ইবনে মাজাহ, সুনান, মিশকাত ১২৬৫নং)

ইবনে আব্বাস (রাঃ)-কে বলা হল যে, মুআবিয়া (রাঃ) এশার পরে এক রাকআত বিত্র পড়লেন (সেটা কি ঠিক)? উত্তরে তিনি বললেন, 'তিনি ঠিকই করেছেন। তিনি তো ফকীহ্। তাঁকে নিজের অবস্থায় ছেড়ে দাও, তিনি নবী (ﷺ)_এর সাহাবী।' (বুখারী, মিশকাত ১২৭৭নং)

এ ছাড়া আরো অন্যান্য বহু সলফ ১ রাকআত বিত্র পড়তেন। (ইবনে আবী শাইবা দ্র:)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3029

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন